

বাংলা বিভাগের বিভাগীয় সেমিনার অনুষ্ঠিত



বাংলা বিভাগে ২৭ ফেব্রুয়ারি-২০২০, বৃহস্পতিবার বিভাগীয় সেমিনার অনুষ্ঠিত হয়। বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. পারভীন আক্তার জেমি-এর সভাপতিত্বে সেমিনারে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস, বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

সেমিনারে পিএইচডি গবেষক মো: শফিকুল ইসলাম এর ‘বাংলাদেশের উপন্যাসে দেশভাগ ও সাম্প্রদায়িক দাঙ্গা (১৯৪৭-২০১০)’ এবং সৈয়দ মামুন রেজা এর ‘বৈষ্ণব পদাবলীর তাত্ত্বিক বিশ্লেষণ: প্রসঙ্গ জয়দেবের গীতগোবিন্দ’ শীর্ষক দুইটি পিএইচডি গবেষণার প্রবন্ধ উপস্থাপিত হয়।

উল্লেখ্য, উক্ত পিএইচডি গবেষণা দুইটি বাংলা বিভাগের অধ্যাপক এবং জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস এর তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে।